গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
কমান্ড্যান্ট এর কার্যালয়
পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর
www.police.gov.bd

স্মারক নং- ৯৩০ /পিটিসি তাং- ১৫/০১/২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, পুলিশ শাখা-২ এর ৩১.১০.২০১৭ তারিখের ৪৪.০০.০০০০.০৯৫.০২.০১০.১৭-৭৫৬ নং স্মারক এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর ০৬.১১.২০১৭ তারিখের প্রশাসন/১২-২০১২/২৭৩৪(৩) নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মোতাবেক কমান্ড্যান্ট, পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর এর নিম্নবর্ণিত শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত রংপুর বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১টি	৯৩০০-২২৪৯০/-	ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ এস সি/ সমমান পরীক্ষায় পাশ। খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ইংরেজি-২০ শব্দ এবং বাংলায়-২০ শব্দ।
০২	বাবুর্চি	০১টি	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	সহকারী বাবুর্চি	০২টি	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী ঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রংপুর বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। একজন প্রার্থী একটির বেশি পদে আবেদন করতে পারবেন না।
০৩। ০১ নং পদের প্রার্থীর ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি, টাইপ ও কম্পিউটার পরিচালনায় দক্ষতাসহ কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলা নির্ধারিত গতি থাকতে হবে।
০৪। নির্ধারিত আবেদন ফরমটি বাংলাদেশ পুলিশের ওয়েবসাইট (www.police.gov.bd) লিংকে এবং কমান্ড্যান্ট এর কার্যালয়, পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর এর অফিস হতে সংগ্রহ করা যাবে।
০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
০৬। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।
০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
০৮। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) আবেদন পত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫ × ৫ সেঃ মিঃ আকারের ছবি।
(খ) প্রার্থীকে ১-২২১১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে ০১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ০২ নং ও ০৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূল কপি।
(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা লিখিত ৬/- (ছয়) টাকার ডাক টিকিট লাগানো একটি ১০.৫" × ৪.৫" সাইজের ফেরত খাম।
০৯। লিখিত পরীক্ষায় নির্বাচিত/উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে :
(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) জাতীয় পরিচয়পত্র।
(ঙ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্র।
(চ) ০১ নং পদের ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ এবং ০২ নং ও ০৩ নং পদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র।
(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয়/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র। এরূপ সনদপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযুদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়নপত্র।
(জ) শারিরীক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঞ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
১০। প্রার্থীর বয়সসীমা আগামী ২০/০১/২০১৮ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।
১১। দরখাস্ত কমান্ড্যান্ট, পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর বরাবর আবেদন করতে হবে।
১২। আগামী ২০/০২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। সরাসরি এ অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে।
১৪। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।
১৫। চাকরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
১৬। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।
১৮। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
১৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫-১-১৮

(এম মাহবুব আলম, পিপিএম)
বিপি নং-৬৪৯১১২১৪০১
কমান্ড্যান্ট(অতিরিক্ত ডিআইজি)
পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর
ফোন#৬২২৯৬ ফ্যাক্স#৫২১৩৪
E-mail:cmdptcrgp@police.gov.bd

Neogpatra-2017